প্রতিবন্ধী শিশুদের শিখন-শেখানো কেন্দ্রে আনা

ইনক্লুসিভ ফিউচারস-এর শিক্ষা প্রকল্প থেকে প্রাপ্ত শিখন

মার্চ ২০২৫

সারসংক্ষেপ

শিশুদের শিক্ষায় শিক্ষকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, তবে শ্রেণিকক্ষে বিভিন্ন রকম শেখার চাহিদাসম্পন্ন শিশুদের শেখানোর জন্য খুব কম শিক্ষক প্রশিক্ষিত। বিদ্যালয়ে ভর্তি হওয়া প্রতিবন্ধী শিশুরা প্রায়শই কম শেখে, ক্লাসে বেশি থাকে না অথবা ঝরে পড়ে। অন্তর্ভুক্তিমূলক শিক্ষা নিশ্চিত করতে হলে, শিক্ষক প্রশিক্ষণে এমন মনোভাব, জ্ঞান ও দক্ষতা অর্জনের সুযোগ দিতে হবে যা একজন শিক্ষককে প্রতিবন্ধী শিশুদের তাদের সহপাঠীদের সঙ্গে একই শ্রেণিকক্ষে শেখাতে সক্ষম করে।

ইনক্লুসিভ ফিউচারস হল ইউকেএইড-এর প্রতিবন্ধী অন্তর্ভুক্তিমূলক হলো অন্যতম প্রধান উদ্যোগ। ২০১৮ সাল থেকে আমরা প্রতিবন্ধী শিশুদের বিশেষ করে বাংলাদেশ, কেনিয়া, নেপাল, নাইজেরিয়া এবং তানজানিয়ায় প্রাথমিক ও প্রাক-প্রাথমিক স্তরের শিশুদের ওপর গুরুত্ব দিয়ে তাদের শেখার পথে বাধা দূর করার জন্য কাজ করে যাচ্ছি, । ইনক্লুসিভ ফিউচারস একটি জোট এবং এটি উন্নয়ন ও মানবিক সহায়তাদানকারী প্রতিষ্ঠান, প্রতিবন্ধী অন্তর্ভুক্তি বিশেষজ্ঞ এবং গণমাধ্যম, গবেষণা ও শিক্ষা খাতে কাজ করা বিশেষজ্ঞদের নিয়ে গঠিত। আমরা উদ্ভাবনী পদ্ধতির পরীক্ষা চালাই এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন (OPDs)-এর সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলি, যাতে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনা যায়, কার্যকর ফলাফল তৈরি হয় এবং এই জাতীয় কাজে কী কাজ করে, কী কাজ করে না এবং কেন করে না, সে সম্পর্কে শিক্ষা অর্জিত হয়।

আমরা প্রশিক্ষণ, মেন্টরিং এবং অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে শিক্ষকদের জন্য পূর্ণাঙ্গ সহায়তা দেওয়ার উপায় খুঁজে পেয়েছি—যা বিদ্যালয়গুলোর বাস্তব চ্যালেঞ্জকে স্বীকার করে, যেমন: সীমিত বাজেট ও প্রশিক্ষণের সময়, বড়ো আকারের শ্রেণিকক্ষ এবং দুর্লভ শিক্ষাসামগ্রী তৈরি বা

Inclusive Futures

UKaid from the British people

সংগ্রহ। আমাদের প্রকল্পগুলোতে শিক্ষকরা প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনগুলো (OPDs) থেকে সরাসরি শেখার সুযোগ, মেন্টরিং এবং বিদ্যালয়ভিত্তিক অন্তর্ভুক্তি দলগুলোর সহায়তা থেকে উপকৃত হচ্ছেন। সক্রিয় সুরক্ষা ব্যবস্থা, অন্তর্ভুক্তিমূলক রেফারাল সেবার সঙ্গে সংযোগ এবং অন্তর্ভুক্তি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষা পরিদর্শকদের প্রতিক্রিয়া জানানোর ফলে এই পরিবর্তনগুলো বাস্তবায়নে সহায়ক হয়েছে।

প্রতিবন্ধী শিশুদের জন্য বিদ্যালয়ে সামাজিক অন্তর্ভুক্তিও শেখার ফলাফলের মতোই গুরুত্বপূর্ণ হতে পারে। আমরা দেখেছি সচেতনতা বৃদ্ধি, সামাজিক কার্যক্রম এবং প্রতিবন্ধী ও অপ্রতিবন্ধী শিশুদের একত্রে যুক্ত করার মাধ্যমে বিদ্যালয়ে অন্তর্ভুক্তি সম্পর্কে দৃষ্টিভঙ্গির পরিবর্তন আনা সম্ভব হয়েছে।

ইনক্লুসিভ ফিউচারস-এর শিক্ষা প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতার আলোকে, এই প্রতিবেদনটিতে এমন পাঁচটি বাস্তবধর্মী পদক্ষেপ আলোচনা করা হয়েছে, যা শিক্ষা প্রদানকারী সংস্থাগুলো শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষাদানের দক্ষতা ও জ্ঞান উন্নয়নে গ্রহণ করতে পারে।

> “এটা মূলত প্রতিবন্ধী শিশুদের জন্য, তাদের সমাজের অংশ হিসেবে অনুভব করানো - সামাজিক যোগাযোগ বৃদ্ধি করা, শেখার সম্ভাবনা বাড়ানো এবং প্রয়োজনে তাদের যথাযথ ও পূর্ণ সহায়তা প্রদান করা।” — শেরিফাত, শিক্ষক, কাদুনা রাজ্য, নাইজেরিয়া।

১. অভীষ্ঠ চাকরিরত শিক্ষক প্রশিক্ষণ ব্যবহার করুন। এই শুরুটা ভালো, যা শিক্ষকদের শ্রেণিকক্ষে প্রতিবন্ধী শিশুদের অন্তর্ভুক্ত করার পদ্ধতি শেখাতে সহায়তা করে। প্রশিক্ষণগুলোকে শিক্ষকদের সময়সূচি এবং ব্যক্তিগত আগ্রহের সঙ্গে মিল রেখে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণের পদ্ধতি নির্ধারণের সময়কাল, ব্যাপ্তি, খরচ এবং মান বিবেচনায় নিতে হবে।

২. পরামর্শদানের ব্যবস্থা চালু করুন এবং তা শক্তিশালী করুন। শিক্ষকরা অনুরোধ করার আগেই পরামর্শদানের পরিকল্পনা করে নিন - শুরু থেকেই এটি অন্তর্ভুক্ত করুন। অন্তর্ভুক্তি পরামর্শদাতারা তুলনামূলকভাবে কম খরচে শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষাদানে দক্ষতা বাড়াতে পারেন, যা সকল শিক্ষার্থীর, বিশেষত প্রতিবন্ধী শিশুদের শিক্ষার মান উন্নয়নে সহায়ক।

৩. প্রয়োজনানুসারে সাড়া দেওয়ার মতো অনুসরণমূলক সহায়তা দেওয়ার প্রস্তুতি নিন। বিশেষত প্রয়োজন অনুযায়ী অনুসরণমূলক সহায়তা দিন, সতেজীকরণ প্রশিক্ষণের ব্যবস্থা করুন, অন্তর্ভুক্তি চর্চাকারী সহকর্মীদের একটি নেটওয়ার্ক গড়ে তুলুন বা তাতে যুক্ত হোন এবং

শিক্ষকরা যে অগ্রগতি করেন তা স্বীকৃতি দিয়ে উদ্‌যাপন করুন - সেই সঙ্গে এই বিষয়টিও মাথায় রাখুন যে একজন শিক্ষক কতটুকু কারিগরি দক্ষতা অর্জন করতে পারেন, তারও একটি সীমা আছে।

৪. শিক্ষকদের চারপাশে অন্তর্ভুক্তি সহযোগীদের নেটওয়ার্ক শক্তিশালী করুন। প্রতিবন্ধী অন্তর্ভুক্তিমূলক শিক্ষাকে বিদ্যমান শিক্ষা ব্যবস্থার অন্তর্ভুক্ত এবং তা আরও শক্তিশালী করে গড়ে তুলতে হবে। শিক্ষা পরিদর্শকদের প্রশিক্ষণ দিন যাতে তারা পরিবীক্ষণ চেকলিস্টে প্রতিবন্ধিতাকে অন্তর্ভুক্ত করেন এবং ওপিডিকে (প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন) মূল অন্তর্ভুক্তি সহযোগী হিসেবে যুক্ত করুন।

৫. স্কুলের পরিবেশে অন্তর্ভুক্তিকে আরও জোরদার করুন। অন্তর্ভুক্তিমূলক শিক্ষার জন্য সহায়ক সহকারী, ভ্রাম্যমাণ শিক্ষক এবং স্কুলভিত্তিক অন্তর্ভুক্তি দল তৈরিতে বিনিয়োগ করুন। প্রতিবন্ধী শিশুসহ সব শিশুকে সহায়তা ও সুরক্ষা দিতে সামাজিক সুরক্ষা ব্যবস্থার সঙ্গে সংযুক্ত হয়ে আরও শক্তিশালী করুন।

এই শিখন প্রতিবেদনটি প্রধানত দুটি লক্ষ্যগোষ্ঠীর জন্য: শিক্ষা প্রদানকারী (মানবিক সহায়তা ও শিক্ষা সংস্থা, সরকার ও অর্থায়নকারী সংস্থা); এবং অন্তর্ভুক্তিভিত্তিক প্রতিষ্ঠান - যার মধ্যে রয়েছে প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন, যারা শিক্ষাখাতে অংশীদার হতে আগ্রহী।

প্রতিবন্ধী শিশুদের স্বাগত জানাতে শিক্ষকদের সহায়তা করা অন্তর্ভুক্তিমূলক শিক্ষার পথে কেবল একটি ধাপ, এবং এই প্রতিবেদনটি একটি ধারাবাহিক সিরিজের অংশ, যেখানে নির্বাচিত কিছু বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। এই সিরিজে ইনক্লুসিভ ফিউচারস-এর অন্যান্য শিখন পড়তে ভিজিট করুন: **inclusivefutures.org/including-children-with-disabilities-at-school**

আমাদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রকল্প

শিখবো সবাই (Everyone Will Learn) প্রকল্প, বাংলাদেশ, জানুয়ারি ২০২১ - ডিসেম্বর ২০২৫
কেনিয়ায় অন্তর্ভুক্তিমূলক প্রারম্ভিক শৈশব শিক্ষার প্রসার প্রকল্প, ফেব্রুয়ারি ২০২০ - ডিসেম্বর ২০২৩
নেপালে অন্তর্ভুক্তিমূলক শিক্ষা শক্তিশালীকরণ প্রকল্প , নভেম্বর ২০১৯ - ডিসেম্বর ২০২৫
সাপোর্ট মেইনস্ট্রিমিং ইনক্লুশন সো অল লার্ন ইকুয়ালি (SMILE), নাইজেরিয়া, জানুয়ারি ২০২১ - সেপ্টেম্বর ২০২৩

প্রেক্ষাপট

> "অন্তর্ভুক্তিমূলক শিক্ষা সকল পটভূমির শিক্ষার্থীদের একসঙ্গে শেখা ও বেড়ে ওঠার সুযোগ দেয়, যা সবার উপকারে আসে।"[1] – ইউনিসেফ

সব শিশুরই বৈষম্য ছাড়া শিক্ষা পাওয়ার অধিকার রয়েছে।[2] অন্তর্ভুক্তিমূলক শিক্ষা একটি ইতিবাচক জীবনের ভিত্তি গড়ে তোলে: বিদ্যালয়ে পড়া প্রতিবন্ধী শিশুরা ভালো স্বাস্থ্য, কর্মজীবন ও সমাজের অংশ হওয়ার সম্ভাবনা বেশি রাখে।[3]

তবে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার প্রতি বৈশ্বিক অঙ্গীকার থাকা সত্ত্বেও,[4] অধিকাংশ নিম্ন ও মধ্যম আয়ের দেশে প্রতিবন্ধী শিশুরা এখনো বিদ্যালয়ের বাইরে থাকার দিক থেকে অন্য শিশুদের তুলনায় এগিয়ে।[5] বিদ্যালয়ে অংশগ্রহণ করানোর পথে বাধাগুলোর মধ্যে রয়েছে নেতিবাচক সামাজিক মনোভাব - যার কারণে অনেক অভিভাবক প্রতিবন্ধী শিশুকে ঘরেই রেখে দেন, প্রতিবন্ধী শিশুদের শেখার সক্ষমতা নিয়ে ভুল ধারণা, বিদ্যালয়ে পৌঁছাতে ব্যক্তিগত যানবাহন বা সঙ্গীর প্রয়োজনীয়তা - যা অভিভাবকদের ওপর সময় ও আর্থিক চাপ সৃষ্টি করে এবং প্রতিবন্ধকতা ও দারিদ্র্যের মিলিত প্রভাব - যার ফলে অনেক অভিভাবককে নির্ধারণ করতে হয় তারা কয়জন সন্তানকে বিদ্যালয়ে পাঠাতে পারবেন। যেসব শিশুর একাধিক ও জটিল প্রতিবন্ধকতা রয়েছে, তাদের শ্রেণিকক্ষ থেকে অনুপস্থিত থাকার সম্ভাবনা সবচেয়ে বেশি।[6]

---

[1] UNICEF, **Inclusive Education**. Accessed 22 January 2025.

[2] Article 28 of the **Convention on the Rights of the Child (CRC)** (1989) recognises the right of all children to receive an education, stating that primary education should be compulsory and free to all, and that secondary education should be made available and accessible to every child. Article 24 of the **Convention on the Rights of Persons with Disabilities (CRPD)** (2016) calls for children with disabilities to have access to 'an inclusive, quality and free primary education and secondary education on an equal basis with others in the communities in which they live. This includes the provision of reasonable accommodations to children's needs along with adequate support to maximize economic and social development.'

3 Lena Morgon Banks and Sarah Polack. **The Economic Costs of Exclusion and Gains of Inclusion of People with Disabilities: Evidence from low- and middle-income countries.** (2014). See also, Harry Patrinos, World Bank Blogs. **Disability and Education: From Charity to Investment.** (2015).

[4] Most notably Article 28 of the UNCRC and Article 24 of the UNCRPD. For analysis see **The right to education: Introducing articles 28 and 29.** Accessed 2 January 2025. See also, UNICEF. **Inclusive Education: Understanding Article 24 of the Convention on the Rights of Persons with Disabilities.** (2017).

[5] UNESCO. **Global Education Monitoring Report, 2020-21. Inclusion and education: All means all.** (2020).

[6] Bolajoko O. Olusanya et al. **Early childhood development strategy for the world's children with disabilities**. (2024).

বিদ্যালয়গুলো সাধারণত: নিজেরা উদ্যোগ নিয়ে প্রতিবন্ধী শিশুদের ভর্তি করে না, কারণ হিসেবে তারা উল্লেখ করে অতিরিক্ত ভিড়যুক্ত শ্রেণিকক্ষ, ঝুঁকিপূর্ণ বা অসহজলভ্য WASH সুবিধা এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ - প্রশিক্ষিত শিক্ষকের অভাব।

যখন তারা শ্রেণিকক্ষে পৌঁছায়, তখনও প্রতিবন্ধী শিশুরা তাদের সহপাঠীদের তুলনায় কম শেখে, বেশি ক্লাস মিস করে এবং ফলে পড়ালেখা ছেড়ে দেওয়ার সম্ভাবনাও বেশি থাকে।[7] দরিদ্র পরিবারের শিশুরা পড়া ও অঙ্কে দুর্বল থেকে যায়, এবং সেসাথে প্রতিবন্ধী মেয়েদের যদি প্রতিবন্ধকতা ও লিঙ্গভিত্তিক বৈষম্য একসাথে মোকাবিলা করতে হয়, তাহলে তারা দ্বিগুণ বৈষম্যের শিকার হয়।[8]

প্রতিবন্ধী শিশুদের শিক্ষালাভের পথে যে সব বাধা রয়েছে, সেগুলো দূর করতে শিক্ষকরা হলেন অগ্রভাগের যোদ্ধা।

প্রাক-চাকরি শিক্ষক প্রশিক্ষণ, যা প্রতিটি শিক্ষকের জন্য আবশ্যক, আদর্শভাবে শিক্ষকদের প্রতিবন্ধিতা সম্পর্কে জ্ঞান দেবে, অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিভঙ্গি গড়ে তুলবে এবং এমন দক্ষতা গড়ে তুলবে যা শিক্ষককে জাতীয় শিক্ষা লক্ষ্য পূরণ করার পাশাপাশি শ্রেণিকক্ষে প্রতিটি শিশুর ভিন্ন ভিন্ন শেখার চাহিদা ও সক্ষমতার জন্য উপযুক্ত পাঠ পরিকল্পনা তৈরিতে সহায়তা করবে। বাস্তবে, অধিকাংশ প্রাক-চাকরি শিক্ষক প্রশিক্ষণ শিক্ষকদের মনোভাব, দক্ষতা ও জ্ঞান তৈরি করতে মারাত্মকভাবে ব্যর্থ হয়, ফলে তারা প্রতিবন্ধী শিশুদের অন্তর্ভুক্ত করে এমন একটি অন্তর্ভুক্তিমূলক শেখার পরিবেশ তৈরি করতে পারেন না। এভাবে অন্তর্ভুক্তিমূলক শিক্ষাদান পদ্ধতির মাধ্যমে সকলের জন্য শিক্ষার অভিজ্ঞতা উন্নত করার সুযোগ বর্তমানে হাতছাড়া হচ্ছে।

[7] United Nations Children's Fund. **Seen, Counted, Included: Using data to shed light on the well-being of children with disabilities**. (2022); Light for the World, Education International, Action Aid. **The bedrock of inclusion: why investing in the education workforce is critical to the delivery of SDG4: Lessons from five African countries**. (2020).

[8] See UNICEF. **Inclusive Education**. Accessed 2 September 2024; Light for the World, Education International, Action Aid. **The bedrock of inclusion: why investing in the education workforce is critical to the delivery of SDG4: Lessons from five African countries**. (2020); UNESCO. **Global Education Monitoring Report, 2020-21. Inclusion and education: All means all.** (2020); World Bank Group. **Every learner matters: Unpacking the learning crisis for children with disabilities**. (2019); UNICEF. **UNICEF Fact Sheet: Children with Disabilities** (2022).

পদ্ধতি

এই শিখন প্রতিবেদনটি বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে প্রণীত, যা মিশ্র পদ্ধতির শিখন পর্যালোচনার ফল।

- ইনক্লুসিভ ফিউচারস ইনক্লুসিভ এডুকেশন ফিউচারস ওয়ার্কিং গ্রুপের অন্তর্গত কনসোর্টিয়াম অংশীদার, প্রকল্প ব্যবস্থাপনা দল এবং OPD প্রতিনিধিদের নিয়ে তিন দিনের একটি শিখন কর্মশালা (অক্টোবর ২০২৩)
- প্রকল্প ব্যবস্থাপনা, বাস্তবায়নকারী দল এবং ওপিডি অংশীদারদের সঙ্গে এবং একজন বাইরের পরামর্শদাতার তত্ত্বাবধানে ১০টি প্রতিফলনমূলক আলোচনা (এপ্রিল ২০২৪)
- ইনক্লুসিভ ফিউচারস ইনক্লুসিভ এডুকেশন ফিউচারস ওয়ার্কিং গ্রুপ কর্তৃক পরিচালিত পাঁচটি সহকর্মী শিক্ষামূলক সাক্ষাৎকার (মে ২০২৪)
- প্রকল্পের শিখন প্রতিবেদনগুলোর ডেস্ক রিভিউ, সংক্ষিপ্ত ও বিশ্লেষণের জন্য সংকলন (জুলাই ২০২৪)
- ওপিডি অংশীদার, সরকারি শিক্ষা কর্মকর্তা, শিক্ষক এবং অভিভাবকদের সঙ্গে ১৯টি মূল সাক্ষাৎকার, যারা প্রকল্প বাস্তবায়নের সঙ্গে যুক্ত ছিলেন (মে - আগস্ট ২০২৪)

কৃতজ্ঞতা স্বীকার

এই প্রতিবেদনের লেখক হলেন ক্লো চিজম্যান এবং লিসা মরিস। কারিগরি দিকনির্দেশনা ও পর্যালোচনায় ছিলেন ক্লেয়ার ওয়ালশ, ক্রিস এলিয়ট, হলি টাউনার, জোহানেস ট্রিমেল এবং ভেরোনিকা স্ট্যাপলটন। প্রশাসনিক সহায়তা দিয়েছেন হেইডি ব্লুমফিল্ড, মেঘা ভরদ্বা এবং পলিন বোকেয়া। এই প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে ইনক্লুসিভ ফিউচারস ইনক্লুসিভ এডুকেশন ফিউচারস ওয়ার্কিং গ্রুপ এবং যারা ফোকাস গ্রুপ, মূল তথ্যদাতা সাক্ষাৎকার ও কারিগরি পর্যালোচনার মাধ্যমে সময় ও মতামত দিয়ে সহযোগিতা করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে। অংশগ্রহণকারী সংগঠনের মধ্যে রয়েছেন: এডিডি ইন্টারন্যাশনাল, সেন্টার ফর ডিসএবিলিটি অ্যান্ড ডেভেলপমেন্ট, হিউম্যানিটি অ্যান্ড ইনক্লুশন, লাইট ফর দ্য ওয়ার্ল্ড, ন্যাশনাল ফেডারেশন ফর দ্য ডেফ নেপাল, সেন্স ইন্টারন্যাশনাল এবং সাইটসেভার্স।

অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রদানে শিক্ষকদের সহায়তার পাঁচটি উপায়

১. অভীষ্ঠ চাকরিরত শিক্ষক প্রশিক্ষণ প্রদান করুন

শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিতে বিনিয়োগ করা হলে তাদের শিক্ষার্থীরাই সবচেয়ে বেশি উপকৃত হয়। যত বেশি শিক্ষক দক্ষ ও প্রস্তুত থাকবেন এবং শ্রেণিকক্ষে বিভিন্ন শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী পাঠ পরিকল্পনা ও শিক্ষা প্রদান করতে পারবেন, তত বেশি শিক্ষার ফলাফল বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকে—প্রতিবন্ধী শিক্ষার্থীরাও এর মধ্যে অন্তর্ভুক্ত। তাই শিক্ষক প্রশিক্ষণকে অন্তর্ভুক্তিমূলক ভিত্তি গড়ে তোলার জন্য ব্যবহার করা একটি আদর্শ প্রাথমিক ধাপ। ইনক্লুসিভ ফিউচারস-এ আমরা প্রাক-চাকরি প্রশিক্ষণের পর শ্রেণিকক্ষে প্রভাব ফেলতে সক্ষম হয়েছিলাম।

প্রশিক্ষণের চাহিদা নির্ধারণের অংশ হিসেবে আমরা প্রথমে বিদ্যালয় প্রধান ও শিক্ষকদের সঙ্গে তাঁদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ধারণা, দক্ষতা, মনোভাব ও আকাঙ্ক্ষা নিয়ে আলোচনা করেছি। পরবর্তী পর্যায়ে, আমরা সরকারি শিক্ষা বিভাগের সঙ্গে সমন্বয় রেখে এবং OPD-র পরামর্শ নিয়ে চাকরিরত শিক্ষক প্রশিক্ষণের জন্য পাঠ্যক্রম যৌথভাবে তৈরি করেছি। আমাদের লক্ষ্য ছিল শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষাদানে দক্ষ করে তোলা, যাতে সকল শিক্ষার্থীর জন্য শেখার অভিজ্ঞতা উন্নত হয়। আমরা নিশ্চিত করেছি যে একেবারে আলাদা বা অবাস্তব কিছু চাপিয়ে না দিয়ে নতুন কোনো কৌশল যেন শিক্ষকদের বিদ্যমান পাঠদানে সহজে যুক্ত করা যায়।

চাকরিরত শিক্ষকদের প্রশিক্ষণে বিষয়গুলো ছিল:

- অন্তর্ভুক্তিমূলক শিক্ষার নীতিমালা ও উপকারিতা
- অন্তর্ভুক্তি-সংক্রান্ত অধিকার ও দায়িত্ব সম্পর্কিত প্রাসঙ্গিক আইন
- কীভাবে প্রতিবন্ধী শিশুদের শনাক্ত ও স্ক্রিনিং করতে হয়
- অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ পরিচালনা ও বহু ইন্দ্রিয়নির্ভর পাঠদান পদ্ধতি, যার মধ্যে রয়েছে সর্বজনীন রূপরেখা এবং খেলা-ভিত্তিক শিক্ষা
- বিশেষ শেখার প্রয়োজন রয়েছে এমন শিশুদের জন্য ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনার ব্যবহার
- শিশু সুরক্ষা ও লিঙ্গভিত্তিক অন্তর্ভুক্তি

চাকরিরত শিক্ষকদের প্রশিক্ষণ পরিকল্পনা এবং বাস্তবায়ন সময় ও সম্পদের বড় বিনিয়োগ হতে পারে, তাই আমরা আমাদের নেওয়া বিভিন্ন প্রশিক্ষণ পদ্ধতির মধ্যে কোনটি ভালো কাজ করেছে, আর কোনটি করেনি তা বিশ্লেষণ করেছি।

এই পদ্ধতিতে কী ভালো কাজ করেছে?

ক্যাসকেড প্রশিক্ষণ পদ্ধতি

তানজানিয়ায়, জাতীয় শিক্ষা ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে, আমরা প্রাথমিক চাকরিরত প্রশিক্ষণের জন্য ক্যাসকেড পদ্ধতি ব্যবহার করেছি। আমরা শিক্ষক প্রশিক্ষণ কলেজ এবং সরকারি শিক্ষা কর্মকর্তাদের মধ্য থেকে একটি ছোট দলকে প্রশিক্ষণ দিয়েছিলাম। এই অংশগ্রহণকারীদের 'মাস্টার ট্রেইনার' হিসেবে নিয়োগ দেওয়া হয়, যারা পরে ৪৮ জন প্রধান শিক্ষককে প্রশিক্ষণ দিয়েছেন, এবং এই প্রধান শিক্ষকরা নিজ নিজ বিদ্যালয়ে ৭০০-র বেশি শিক্ষকের কাছে প্রশিক্ষণ পরিচালনা করেন। এই পদ্ধতির মাধ্যমে আমরা তুলনামূলক কম খরচে বিদ্যমান কাঠামো ব্যবহার করে অনেক শিক্ষককে প্রশিক্ষণের আওতায় আনতে পেরেছি এবং মালিকানা বোধও গড়ে তুলতে পেরেছি।[9] তবে আমরা এমন প্রতিক্রিয়া পেয়েছি যে, এই প্রশিক্ষণের কার্যকারিতা ধরে রাখতে নিয়মিত পরামর্শদান (মেন্টরিং) এবং সহকর্মীভিত্তিক শিক্ষার ব্যবস্থার প্রয়োগ করতে হবে। বাংলাদেশেও একই পদ্ধতি ব্যবহার করা হয়েছে।

নিবিড়প্রশিক্ষণ পদ্ধতি

নেপালে আমাদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রকল্পে আমরা ১২টি বিদ্যালয়কে নিবিড় সহায়তার জন্য বেছে নিই, যেখানে প্রায় ১০০% শিক্ষককে প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষিত শিক্ষকদের একটি দল প্রতিটি বিদ্যালয়ে একটি 'হাইভ' তৈরি করে, যারা একসঙ্গে কাজ করে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার সমস্যাগুলোর সমাধান খুঁজে বের করেন। যদিও এই পদ্ধতিটি সময় ও ব্যয়বহুল হওয়ায় বড় পরিসরে বাস্তবায়ন করা কঠিন, তবুও এটি ইচ্ছাকৃতভাবে অন্তর্ভুক্তিমূলক শিক্ষায় কী অর্জন করা সম্ভব তার শক্ত উদাহরণ তৈরি করেছে—যা জাতীয় পর্যায়ে প্রচারাভিযান এবং ভবিষ্যৎ কর্মসূচির নকশায় কাজে এসেছে।

দূর-প্রশিক্ষণ পদ্ধতি

কেনিয়ায় কোভিড-১৯ এর বিধিনিষেধের কারণে শিক্ষকরা ছোটো ছোটো দলে একত্রিত হয়েছেন এবং প্রশিক্ষক অনলাইনে দূর থেকে অংশ নিয়েছেন। দূর বা ডিজিটাল প্রশিক্ষণ শিক্ষার্থীদের অংশগ্রহণ ও আগ্রহ নিয়ে প্রশ্ন তুলতে পারে, তবে আমরা দেখেছি যে সহকর্মীভিত্তিক ছোটো দলে যারা শিখেছেন, তারা প্রশিক্ষক লগ-আউট করার পরও একে অপরকে শেখায় সহায়তা করেছেন। প্রশিক্ষণ চলাকালীন শিক্ষকদের দলে একজন শিক্ষা কর্মকর্তা বা অভিজ্ঞ শিক্ষাবিদ উপস্থিত থাকাও ভালো ফল দিয়েছে। যিনি অতিরিক্ত ব্যাখ্যা ও সহায়তা দিয়েছেন এবং পরে

[9] For more information see British Council. **Train the Trainers & Cascade Models. A practical guide and toolkit.** (2018).

মেন্টর হিসেবে দায়িত্ব পালন করেছেন, প্রশিক্ষণের পরও শিক্ষকদের সঙ্গে যুক্ত থেকে শ্রেণিকক্ষে ফিরে যাওয়ার পথে সহায়তা করেছেন।

বাস্তবায়ন বা রোল-আউট নির্দেশিকা

ওপিডি এবং কারিগরি বিশেষজ্ঞদের সঙ্গে একত্রে আমরা এমন অন্তর্ভুক্তিমূলক শিক্ষক প্রশিক্ষণ ম্যানুয়াল ও নির্দেশনাপত্র তৈরি করেছি যা বিদ্যালয় এবং শিক্ষা বিভাগগুলোকে প্রশিক্ষণ বাস্তবায়নে সহায়তা করে।[10] শিক্ষকদের জন্য নির্দেশনাগুলিতে ছিল বাস্তবভিত্তিক অন্তর্ভুক্তিমূলক —যেমন প্রতিবন্ধী শিক্ষার্থীদের শনাক্ত ও স্ক্রিনিং প্রক্রিয়া, শ্রেণিকক্ষকে আরও প্রবেশযোগ্য করে তোলার পরামর্শ এবং বিদ্যমান পাঠক্রমকে আরও অন্তর্ভুক্তিমূলক করার পদ্ধতি। এই ম্যানুয়ালগুলো ব্যবহার করা হয়েছে যখন নতুন শিক্ষক নিয়োগ হয়েছে, পুনঃপ্রশিক্ষণের জন্য, অথবা যেসব বিদ্যালয় ইনক্লুসিভ ফিউচারস প্রকল্পে অংশ নেয়নি তাদের জন্য। এই পদ্ধতি কম খরচে পরিচালিত হয়, সহজে বাড়ানো ও পুনরাবৃত্তি করা যায় যা প্রশিক্ষণের পর শিক্ষক পরিবর্তনের সাধারণ সমস্যা সমাধানের লক্ষ্যে তৈরি। তবে প্রশিক্ষণের গুণমান শুধুমাত্র ম্যানুয়ালের কনটেন্টের ওপর নয়, প্রশিক্ষকের দক্ষতার ওপরও নির্ভর করে—ফলে মান নিশ্চিত করা সবসময় সহজ হয় না।

> "আমার শ্রেণিতে পনেরো জন প্রতিবন্ধী শিক্ষার্থী আছে। আমি তাদের অন্যদের সঙ্গে একত্রে পরিচালনা করি এবং প্রশিক্ষণের মাধ্যমে আমি তাদের দক্ষভাবে পরিচালনা করতে পারি।" —ক্যারেন, হোমা বে, কেনিয়ার একটি ইনক্লুসিভ ফিউচারস প্রকল্প বিদ্যালয়ের শিক্ষক

চাকরিরত শিক্ষকদের প্রশিক্ষণ পরিকল্পনায় সেরা কাজের চর্চা

শিক্ষকদের সময় ও প্রাপ্যতার প্রতি নমনীয় হোন। চাকরিরত শিক্ষক প্রশিক্ষণের জন্য সময় নির্ধারণ কঠিন ছিল, কারণ শিক্ষকরা আগে থেকেই ব্যস্ত ছিলেন এবং এই প্রশিক্ষণের জন্য শিক্ষা কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন ছিল। ফলে, আমাদের প্রকল্পগুলোতে প্রাথমিক প্রশিক্ষণ কর্মশালাগুলোর সময় ও সম্পৃক্তি ভিন্ন ছিল—বাংলাদেশে একদিন, নাইজেরিয়ায় পাঁচদিন, এবং নেপালে কয়েক সপ্তাহব্যাপী কর্মশালার সিরিজ আকারে তা অনুষ্ঠিত হয়েছে । যতটা সম্ভব, আমরা বিদ্যালয় ছুটির পর, সাপ্তাহিক ছুটিতে বা টার্মের মাঝের বিরতিতে প্রশিক্ষণ পরিচালনার জন্য সরকারি ও বিদ্যালয় কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় করে কাজ করেছি।

[10] See for example, Inclusive Futures. **Our work on inclusive early childhood development and education in Kenya**. (March 2022).

শিক্ষকরা কেন প্রশিক্ষণ নিচ্ছেন তা বোঝার চেষ্টা করুন। বিভিন্ন এলাকায় শিক্ষকদের আগ্রহ ও অংশগ্রহণের মাত্রা ভিন্ন ছিল। কিছু এলাকায় শিক্ষকরা শুরুতে প্রশিক্ষণে অংশ নিতে অনিচ্ছা প্রকাশ করেন—তাঁরা সময় সংকটের কথা বলেন বা অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণের প্রয়োজনীয়তা নিয়ে সন্দেহ প্রকাশ করেন। শিক্ষকদের উদ্বেগগুলোকে গুরুত্ব দিয়ে সমাধান করা আগ্রহ ও অনুপ্রেরণার একটি আন্তরিক উপায়। আমরা দেখেছি যে প্রশিক্ষণ যদি শিক্ষকদের পেশাগত উন্নয়নের একটি আনুষ্ঠানিক স্বীকৃতি পায়, তাহলে তাদের আগ্রহ বেড়ে যায়—যেমনটি আমরা নাইজেরিয়ায় ন্যাশনাল টিচার্স ইনস্টিটিউটের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে করেছি।

বিষয়বস্তুর অগ্রাধিকার নির্ধারণ করুন। শিক্ষা কর্মকর্তা, ওপিডি এবং প্রশিক্ষণ চাহিদা নিরূপণের দিকনির্দেশনা অনুযায়ী আমরা প্রথমে গুরুত্বপূর্ণ বিষয়গুলোকে অগ্রাধিকার দিই, পরে প্রয়োজনে অতিরিক্ত প্রশিক্ষণ দিই।

প্রশিক্ষণ পরিকল্পনা। স্থানীয় শিক্ষা কর্মকর্তাদের সহায়তায় আমরা এমন প্রশিক্ষণ কোর্স প্রণয়ন করেছি, যা শিক্ষকদের বোঝার জন্য সহজ, স্থানীয় শিক্ষা ব্যবস্থার সঙ্গে প্রাসঙ্গিক এবং এমনভাবে উপস্থাপিত—যাতে শিক্ষকরা সহজেই প্রশ্ন করতে পারেন।

একবারেই শেষ করে ফেলবেন না। চাকরিরতদের প্রশিক্ষণের সময়সীমা সীমিত হওয়ায়, শ্রেণিকক্ষে ব্যবহারের আগে শিক্ষকদের জন্য অন্তর্ভুক্তিমূলক শিক্ষা অনুশীলন বোঝার জন্য আরও সময় প্রয়োজন ছিল। এর মানে হচ্ছে, প্রশিক্ষণের পরবর্তী সহায়তা ও দিকনির্দেশনা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

মূল শিক্ষা: চাকরিরত শিক্ষকদের জন্য অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণ একটি ভালো সূচনা, যাতে তারা বুঝতে পারেন কীভাবে প্রতিবন্ধী শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে অন্তর্ভুক্ত করা যায়। এটি শিক্ষকদের সময়সূচি ও ব্যক্তিগত অনুপ্রেরণার সঙ্গে মানিয়ে নিতে হবে এবং প্রশিক্ষণের পদ্ধতি বাছাই করার সময় , পরিসর, ব্যয় ও মান বিবেচনায় রাখতে হবে।

২। পরামর্শের (মেন্টরিং) ব্যবস্থা প্রণয়ন ও শক্তিশালী করুন

দ্বিতীয় সঙ্গতিপূর্ণ শিক্ষা হলো, অন্তর্ভুক্তিমূলক শিক্ষা বাস্তবায়নে শিক্ষকদের সহায়তায় পরামর্শদাতাদের (মেন্টর) সহায়তা।

ইনক্লুসিভ ফিউচারস প্রোগ্রামের পরামর্শদাতারা (মেন্টর) ইন-সার্ভিস ইনক্লুশন প্রশিক্ষণের মূল বিষয়গুলো জোরালো করেছেন এবং মূলধারার শ্রেণিকক্ষে প্রতিবন্ধী শিশুদের শেখানোর বাস্তব ও দৈনন্দিন অভিজ্ঞতার মাধ্যমে শিক্ষকদের নির্দেশনা দিয়েছেন।

পরামর্শ (মেন্টরিং) পরিকল্পনা শিক্ষকদের জন্য অত্যন্ত মূল্যবান হিসেবে স্বীকৃত, যা শ্রেণিকক্ষে তাদের শেখানোর গুণগত মান উন্নত ও নিশ্চিত করে, ফলে শিক্ষার্থীদের শেখার অভিজ্ঞতা ও ফলাফল আরও উন্নত হয়।[11] তবে, কোন দেশে কী পরিমাণে এ ব্যবস্থা প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সঙ্গে একীভূত হয়েছে, তা ছিল ভিন্ন ভিন্ন।[12] কিছু প্রেক্ষাপটে, যেখানে স্কুলে পরামর্শ প্রদানের (মেন্টরিং) ব্যবস্থা আগেই ছিল, সেখানে আমরা প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তির বিষয়টি যুক্ত করেছি।

অন্যান্য প্রেক্ষাপটে, আমরা অন্তর্ভুক্তিমূলক পরামর্শদাতা (মেন্টর) নিযুক্ত করেছি এবং এটি বিদ্যমান শিক্ষা কর্তৃপক্ষের সেরা কাজের চর্চার সঙ্গে সংযুক্ত করার চেষ্টা করেছি, যেমন পরিবীক্ষণ পরিদর্শন।

শিক্ষকদের পরামর্শ ও দিকনির্দেশনা যেই দিক না কেন, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, তাদের অন্তর্ভুক্তির ধারণা ও মূল্যবোধ এবং শিক্ষা সংক্রান্ত দক্ষতা ও অভিজ্ঞতা থাকা উচিত।

এই পদ্ধতিতে কী ভালো কাজ করেছে?

আমরা দেখতে পেয়েছি, বিভিন্ন পটভূমি থেকে আসা ব্যক্তিদের মধ্যে অন্তর্ভুক্তিমূলক পরামর্শদাতা (মেন্টর) হিসেবে বিভিন্ন ধরনের দক্ষতা রয়েছে:

- প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনের (OPD) সদস্যরা শিক্ষা বিষয়ে নিজেদের জীবনের অভিজ্ঞতা থেকে শিক্ষকদের মূল্যবান ধারণা দিয়েছেন, যাতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিভিন্ন পদ্ধতির উপকারিতা তুলে ধরা হয়েছে।
- অবসরপ্রাপ্ত শিক্ষক ও প্রধান শিক্ষকরা শিক্ষাদানের সঙ্গে সম্পর্কিত বাস্তব অভিজ্ঞতা থেকে উপদেশ দিয়েছেন।

[11] UNESCO. **Global Education Monitoring Report: Leadership in education. (2024).**

[12] See for example, Ministry of Education, Republic of Kenya. **Mentorship Policy for Early Learning and Basic Education.** (2019). Compared to Rojina Khandaker. **Professional Training: Crucial Need to Enhance the Efficacy of Preschool Teachers in the Context of Bangladesh**. (2021).

- বর্তমান ও অবসরপ্রাপ্ত সরকারি শিক্ষা কর্মকর্তারা শিক্ষা ব্যবস্থাগুলো ভালোভাবে বুঝতেন, এবং তাদের পরামর্শ ও সুপারিশগুলো শিক্ষকদের কাছে গ্রহণযোগ্য ছিল।

এই পরামর্শদাতারা (মেন্টর) শিক্ষকদের কর্মস্থল পরিদর্শন করেছেন এবং কীভাবে প্রতিবন্ধী শিক্ষার্থীদের চাহিদা পূরণ করতে পারেন তার প্রায়োগিক দিকনির্দেশনা দিয়েছেন । কিছু পরামর্শদাতা (মেন্টর) ব্যবহারিকভাবে সহায়ক সরঞ্জাম এবং শিখন-শেখানো উপকরণের ব্যবহার হাতেকলমে দেখিয়েছেন, ব্যক্তিগত সহায়তা দিয়েছেন এবং শিক্ষকদের প্রশ্নের জবাবে নিজেদের বাস্তব অভিজ্ঞতা ও দক্ষতা ব্যবহার করেছেন। প্রতিবন্ধী শিশুদের বহুবিধ চাহিদা পূরণে এটি বিশেষভাবে উপকারী ছিল, কারণ অন্তর্ভুক্তিমূলক শিক্ষায় একটিমাত্র পদ্ধতি সব ক্ষেত্রে কার্যকর নয়, এবং প্রত্যেক প্রতিবন্ধী শিশু কিংবা তার শ্রেণিকক্ষে কিভাবে বিষয়বস্তু উপস্থাপন করা হবে সে ব্যাপারে শিক্ষকদের বিশেষায়িত প্রশিক্ষণ থাকে না। **প্রত্যেক শিশুকে জানার পর, তাদের যত্নকারীদের সঙ্গে কথা বলে ও পরামর্শদাতার (মেন্টর) সঙ্গে আলোচনা করে, আমাদের পাইলট স্কুলগুলোর শিক্ষকরা আরও ভালোভাবে উপযুক্ত শিক্ষামূলক কার্যক্রম তৈরি করতে সক্ষম হয়েছেন, যা পাঠ্যসূচি ও জাতীয় শিক্ষার ফলাফলকে ব্যক্তিগত চাহিদার সঙ্গে মানানসই করেছে।**[13]

একটি অভিযোজিত কর্মসূচি হিসেবে, আমরা শুরুতে পরামর্শদাতাদের (মেন্টর) ব্যবহার করার পরিকল্পনা করিনি। যখন এটির প্রয়োজন দেখা দিল, তখন আমরা উদ্যোগ নিই। আমাদের কিছু পরামর্শদাতা (মেন্টর) বা স্বেচ্ছাসেবী ছিলেন এবংঅংশগ্রহণকারীদের জন্য খুব সামান্য আর্থিক প্রণোদনা ছিল। তথাপি আমরা দেখেছি, শিক্ষকদের জন্য পরামর্শদাতার (মেন্টরের) ভূমিকা জনপ্রিয় হয়েছে, এবং স্বেচ্ছাসেবী পরামর্শদাতারা তাদের কাজ নিষ্ঠার সাথে পুরো প্রোগ্রাম জুড়ে চালিয়ে গেছেন। পরামর্শদাতারা ব্যাখ্যা করেছেন যে, তারা দায়িত্বপূর্ণ একটি অবস্থানে থাকার কারণে এবং নিজেদের কমিউনিটিকে সহায়তা করার আগ্রহ থেকেই প্রেরণা পেয়েছেন।

প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তি বিষয়ে সঙ্গতিপূর্ণ ও যথাযথ প্রতিক্রিয়া নিশ্চিত করতে, আমরা শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে অংশীদারিত্বে পর্যবেক্ষণ টুল তৈরি করেছি, যা শ্রেণিকক্ষে শিক্ষককে পর্যবেক্ষণকালে পরামর্শদাতারা (মেন্টর) ব্যবহার করবেন; পাশাপাশি আমরা তাদের জন্য অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণও দিয়েছি। ভবিষ্যৎ প্রকল্পগুলো টেকসই করতে, আমরা পরামর্শদাতাদের জন্য আরও স্পষ্ট নির্দেশিকা তৈরি করব, দীর্ঘমেয়াদি কর্মসূচির বাজেট নির্ধারণে জাতীয় শিক্ষা কর্তৃপক্ষের সঙ্গে কাজ করব, এবং শুরু থেকে পরামর্শদাতাদের (মেন্টরদের) অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্যাকেজের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা করব।

[13] Individualised Education Plans (IEPs) were used to connect the teacher, the caregiver and the child on specific learning outcomes. For more information see pp152-158: Sightsavers and partners. **Inclusive education for children with disabilities Teacher training pack**. (May 2018).

মূল শিক্ষা: শিক্ষকেরা পরামর্শ চাইবে কখন —সেই পর্যন্ত অপেক্ষা না করে, শুরু থেকে এর পরিকল্পনা করুন। অন্তর্ভুক্তিমূলক পরামর্শদাতা (মেন্টর) নিযুক্তি হলে তুলনামূলকভাবে কম খরচে শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক শিশু শিক্ষার দক্ষতা বাড়াতে পারে, যা শ্রেণিকক্ষে সকল শিক্ষার্থীর— বিশেষত প্রতিবন্ধী শিশুদের— শিক্ষার মান উন্নত করে।

কেস স্টাডি: নেপালে অন্তর্ভুক্তিমূলক পরামর্শ ব্যবস্থাকে শক্তিশালী করা

নেপালে, পরামর্শদান (মেন্টরিং) ছিল ইন-সার্ভিস প্রশিক্ষণের একটি গুরুত্বপূর্ণ অংশ, যা শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষা অনুশীলন করতে সহায়তা করেছে। তবে শুরুতে পরামর্শদাতাদের (মেন্টর) প্রয়োজনীয়তাটি পরিকল্পনার অংশ ছিল না। আমরা দ্রুত বুঝতে পারি, পরামর্শদাতারা (মেন্টর) ভাল কাজ করতে পারেন। পরবর্তীতে স্কুলে শিক্ষকদের সঙ্গে ইনসার্ভিস অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণের পর তা' ফলোআপ করা হয়। এর মাধ্যমে অন্তর্ভুক্তির নতুন কৌশল তৈরি হয়েছে, তার ওপর তারা প্রশিক্ষণ লাভ করেছে। ফলে পুরোনো চর্চার ঝুঁকি সীমিত হয়েছে।

স্থানীয় সরকার শিক্ষা বিভাগ অবসরপ্রাপ্ত শিক্ষক ও প্রধান শিক্ষক, সমাজকর্মী, সমাজের নেতা, সরকারি শিক্ষা কর্মকর্তাদের নিয়ে স্বেচ্ছাসেবক পরামর্শদাতাদের (মেন্টর) নিয়ে একটি পুল গঠনের সুপারিশ করেছে। তাদেরকে অন্তর্ভূক্তি পর্যবেক্ষণের চেকলিস্ট দিয়ে মেন্টররা নিয়মিত স্কুল পরিদর্শন করবেন। তারা পাঠদানের সময় শিক্ষকদের তাৎক্ষণিক সহায়তা দিয়েছেন এবং স্কুল-ভিত্তিক ব্যবস্থাপনা কমিটিকে (SBMC) সহায়তা করেছেন, যারা পুরো স্কুলে অন্তর্ভুক্তির সার্বিক দৃষ্টিভঙ্গির দেখভাল করছিলেন। পরামর্শদাতারা (মেন্টররা) জানিয়েছেন, যেসব শিক্ষকের সঙ্গে তারা কাজ করেছেন, তাদের মধ্যে শিখন-শেখানোর উপকরণের ব্যবহার বৃদ্ধি পেয়েছে, এবং তারা SBMC-কে বাধ্যতামূলক স্কুল উন্নয়ন পরিকল্পনা সম্পন্ন করতে সহায়তা করেছেন। এতে প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিকে বিবেচনায় নেওয়া হয়েছে, ফলে স্কুলগুলো স্থানীয় কর্তৃপক্ষের অর্থায়নের যোগ্যতা অর্জন করেছে।

এই পরামর্শের (মেন্টরিং) পরিকল্পনা একটি সফল পদ্ধতি হিসেবে কাজ করেছে, যেটি সরকারকে অনুসরণ করার জন্য আমরা সুপারিশ করেছি। এরপর থেকে আমরা অন্তর্ভুক্তিমূলক শিক্ষাকে সহায়তা করার জন্য একটি পরামর্শদাতা ব্যবস্থা গঠনের লক্ষ্যে, পাশাপাশি সংশ্লিষ্ট নির্দেশিকা তৈরিতেওসরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছি। এই নির্দেশিকাগুলোতে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার জন্য পরামর্শদাতা নির্বাচনের প্রক্রিয়া এবং তাদের ভূমিকা,কীভাবে সরাসরি পরামর্শদান এবং ধারাবাহিকভাবে শিক্ষকদের সহায়তা প্রদান করা যাবে, এবং পরামর্শদাতারা কীভাবে শিক্ষক ও স্কুলগুলোকে অতিরিক্ত অন্তর্ভুক্তিমূলক শিক্ষা সম্পদে প্রবেশাধিকার পেতে সহায়তা করতে পারেন তা অন্তর্ভুক্ত থাকবে।

৩। সাড়া ও ফলোআপ সহায়তা প্রদানের প্রস্তুতি নিন

> "আমাদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রশিক্ষণের পর আমরা ধারাবাহিক পেশাগত উন্নয়নের সুযোগ পেয়েছি... অন্তর্ভুক্তিমূলক শিক্ষা বিশেষজ্ঞদের সহায়তা অমূল্য ছিল। তারা পাঠ রূপান্তর, সহায়ক প্রযুক্তি ব্যবহার এবং সহায়ক শেখার পরিবেশ তৈরির বিষয়ে পরামর্শ দিয়েছেন।" — আলতাফ হোসেন, প্রধান শিক্ষক, বাংলাদেশ

শিক্ষকদের মধ্যে প্রতিবন্ধিতাবান্ধব দক্ষতা, জ্ঞান এবং মনোভাব যথাযথভাবে গড়ে তোলার জন্য ইন-সার্ভিস প্রশিক্ষণ ও পরামর্শদানের (মেন্টরিং) প্যাকেজ এককভাবে যথেষ্ট ছিল না।

শিক্ষকরা যেন শ্রেণিকক্ষে প্রতিবন্ধী শিশুদের অন্তর্ভুক্ত করতে পারেন সেই সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে আমরা আরও কিছু পদ্ধতির মিশ্রণ ব্যবহার করেছি, যার মধ্যে ছিল সতেজীকরণ প্রশিক্ষণ, শেখা ও প্রতিফলন সভা, অনলাইন সহকর্মী সহায়তা এবং বহু-স্কুল ভিত্তিক অনুষ্ঠান। গুরুত্বপূর্ণ হলো, এই পদ্ধতিগুলো ছিল বেশ কার্যকর যেগুলো শিক্ষকদের অনুরোধের ভিত্তিতে তাদের সহায়তা হিসেবে যুক্ত করা হয়েছে।

এই পদ্ধতিতে কী ভালো কাজ করেছে?

সতেজীকরণ প্রশিক্ষণ

সংক্ষিপ্ত ও কার্যকর সতেজীকরণ প্রশিক্ষণ শিক্ষকদের অনুরোধ অনুযায়ী নির্দিষ্ট বিষয়ে সম্যক ধারণার পাওয়া সুযোগ দিয়েছে, যেমন শিখন-শেখানোর উপকরণ (TLM) তৈরিএবং শিক্ষার্থীর ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা (IEP) সম্পন্ন করা।

তবে প্রাথমিক প্রশিক্ষণের মতোই, সতেজীকরণ প্রশিক্ষণের জন্যও তা আয়োজন, বাস্তবায়ন ও অংশগ্রহণে পর্যাপ্ত সম্পদের প্রয়োজন হয়েছে এবং কার্যকর হতে হলে এটি নিয়মিতভাবে পরিচালনা করতে হয়েছে। শিক্ষকেরা প্রায়ই এমন কিছু বিষয়ে সহায়তা চেয়েছেন যা ইনক্লুসিভ ফিউচারস-এর সামর্থ্যের বাইরে ছিল, যেমন বিশেষ সহায়ক প্রযুক্তি এবং ব্রেইল টাইপরাইটার ও স্থানীয় ইশারা ভাষার জন্য নির্দিষ্ট প্রশিক্ষণ। একজন শিক্ষকের প্রয়োজনীয় দক্ষতা, প্রেক্ষাপট ও শ্রেণিকক্ষ অনুযায়ী ভিন্ন হতে পারে, তাই সবচেয়ে ব্যবহারিক পদ্ধতি ছিল শিক্ষক এবং প্রতিবন্ধী শিশুদের সঙ্গে কাজ করা, তাদের অভিজ্ঞতা বোঝা এবং যথাসম্ভব তাদের সহায়তা প্রদান করা।

শিখন ও প্রতিফলন সভা

বিদ্যমান শিক্ষক সভার মধ্যেই শেখা ও প্রতিফলনের উপাদান যুক্ত করা ছিল যা ছিল একটি টেকসই পদ্ধতি, যা শিক্ষকদের মধ্যে প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তি প্রসারে সহায়ক হয়েছে।

তানজানিয়ায়, স্কুলভিত্তিক অন্তর্ভুক্তি দলগুলো নিয়মিত সভা পরিচালনা করত।[14] এই সভাগুলোতে অংশগ্রহণ করতেন বিভিন্ন অন্তর্ভুক্তিমূলক অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক, স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষের অন্তর্ভুক্তি সহায়তাকারী কর্মী এবং মাঝে মাঝে প্রতিবন্ধী শিশুদের অভিভাবকরাও। এই সভাগুলোতে শিক্ষকরা অন্তর্ভুক্তিমূলক শিক্ষা বাস্তবায়নের অভিজ্ঞতা ভাগাভাগি করতেন, এবং অন্যান্য অংশগ্রহণকারী শ্রেণিকক্ষে কিছু নির্দিষ্ট পরিস্থিতি কীভাবে মোকাবিলা করা যায় সে সম্পর্কে মতামত দিতেন। শিক্ষকেরা আমাদের জানিয়েছেন, এই ধরনের শিখন সভা তাদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষা পদ্ধতি ব্যবহার ও শ্রেণিকক্ষে প্রতিবন্ধী শিশুদের গ্রহণ করার ক্ষেত্রে জ্ঞান ও আত্মবিশ্বাস বাড়িয়েছে।

শিক্ষকেরা যেসব বিষয় আলোচনা করতে চেয়েছিলেন, তার মধ্যে ছিল:

- **সক্ষমতা:** পূর্ণ সময়সূচিতে অনেক শিক্ষকের পাঠ পরিকল্পনার সময় নতুন অন্তর্ভুক্তিমূলক পদ্ধতি বিবেচনার সময় কম ছিল। তারা ভাবতেন, এটি অতিরিক্ত কাজ তৈরি করবে — যেমন IEP তৈরি ও সংরক্ষণের কাজ।
- **প্রয়োগ:** কিছু শিক্ষক তাঁদের শ্রেণিকক্ষে প্রতিবন্ধী বা বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী চিহ্নিত করতে পারেননি বা নতুন কোনো প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তি হয়নি, ফলে তারা প্রশিক্ষণ লব্ধ জ্ঞান ও দক্ষতা প্রয়োগের সুযোগ করে উঠতে পারেননি।
- **আচরণ:** ষাটের অধিক শিক্ষার্থীসংবলিত বড় শ্রেণিকক্ষে পড়ান এমন অনেক শিক্ষক বৈচিত্র্যময় শ্রেণিকক্ষ পরিচালনায় চ্যালেঞ্জের মুখে পড়েছেন, বিশেষ করে প্রতিবন্ধী শিশুদের প্রতি হেনস্থা (বুলিং) মোকাবিলায়।
- **পাঠ পরিকল্পনা:** শিক্ষকরা নতুন কৌশল যেমন 'লার্নিং কর্নার' তৈরি ও বহু ইন্দ্রিয় ব্যবহার করে পাঠদান করতে আগ্রহী ছিলেন, তবে এর বিস্তারিত পরিকল্পনা কীভাবে করবেন তা নিয়ে অনিশ্চিত ছিলেন।

অনলাইন সহকর্মী সহায়তা

অন্তর্ভুক্তিমূলক শিক্ষা সম্পর্কে শেখা শিক্ষকদের মধ্যে একটি পেশাগত নেটওয়ার্ক তৈরির সুযোগ তৈরি করে এবং তাদের পেশাগত উন্নয়নে সহায়তা করে। আমরা শেখার কমিউনিটি

[14] For more about these teams see, Inclusive Futures. **Guidelines for establishment of school-based inclusion teams.** (2021).

তৈরি করেছি এবং যেখানে এর আগেই কিছু গড়ে উঠেছিল, সেখানে তা আরও শক্তিশালী করেছি।

একটি নতুন প্ল্যাটফর্ম ছিল শিক্ষকদের ফোনে তৈরি অনলাইন চ্যাট গ্রুপ। জনপ্রিয় একটি অ্যাপে তৈরি এসব চ্যাট গ্রুপে ছিলেন শিক্ষক, অন্তর্ভুক্তি প্রশিক্ষক এবং প্রকল্পের কর্মীরা। এই গ্রুপগুলোতে নিয়মিত এবং অনানুষ্ঠানিকভাবে যোগাযোগ, সহকর্মীদের পরামর্শ, এবং অন্তর্ভুক্তি প্রশিক্ষক ও প্রকল্প কর্মীদের দিকনির্দেশনা ও অনুপ্রেরণার সুযোগ তৈরি হয়েছে। এগুলো সহজে রক্ষণাবেক্ষণযোগ্য, সহকর্মী-নেতৃত্বাধীন, স্থানীয় প্রেক্ষাপটে উপযোগী ছিল এবং স্থানীয় পর্যায়ে অন্তর্ভুক্তিমূলক শিক্ষায় আগ্রহী শিক্ষকদের মধ্যে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তুলতে সমক্ষম হয়েছিল।

বহু-স্কুলভিত্তিক অনুষ্ঠান

অন্তর্ভুক্তিমূলক শিক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ শিক্ষকদের নেটওয়ার্ককে সংযুক্ত করতে এবং তাদের উৎসাহিত করতে আমরা কমিউনিটি ও বহু-স্কুলভিত্তিক ইভেন্টের আয়োজন করেছি। এই ইভেন্টগুলোতে ইনক্লুসিভ ফিউচারস-এর পাইলট স্কুলের পাশাপাশি প্রোগ্রামে অংশ না নেওয়া স্কুলের শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটির (SBMC) সদস্য এবং কমিউনিটির নেতৃস্থানীয় ব্যক্তিরা অংশ নিয়েছিলেন। উদ্দেশ্য ছিল বিভিন্ন অভিজ্ঞতা ও অন্তর্ভুক্তিমূলক শিক্ষা চর্চার মাত্রায় থাকা শিক্ষকদের মধ্যে মতবিনিময় ঘটানো, যাতে অভিজ্ঞ শিক্ষকরা সফলতা, ভালো চর্চা ও কৌশলগুলো ভাগাভাগি করতে পারেন। এই ইভেন্টগুলোর লক্ষ্য ছিল শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষায় নিবেদিত পেশাজীবী হিসেবে প্রতিষ্ঠিত করা, তাদের অঙ্গীকার ও অগ্রগতিকে উদ্‌যাপন করা এবং স্কুল ও কমিউনিটিতে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার পক্ষে একটি প্রবাহমূলক প্রভাব তৈরি করা।

মূল শিক্ষা: সাড়ামূলক সহায়তা শিক্ষকদের উৎসাহ ধরে রাখতে সাহায্য করে, যাতে তারা অন্তর্ভুক্তিমূলক দক্ষতা প্রয়োগ ও বিস্তারের মাধ্যমে শ্রেণিকক্ষে নতুন বা ব্যতিক্রমধর্মী সুযোগ ও চ্যালেঞ্জ মোকাবিলা করতে পারেন। একটি অন্তর্ভুক্তিমূলক সহকর্মী নেটওয়ার্ক তৈরি করুন বা যুক্ত হোন, এবং শিক্ষকরা যেসব বিষয় অর্জন করছেন তা স্বীকৃতি দিন ও উদ্‌যাপন করুন — একইসঙ্গে বোঝার চেষ্টা করুন, একজন শিক্ষকের কাছে কতটুকু কারিগরি দক্ষতা প্রত্যাশা করা যায়।

কেস স্টাডি: কেনিয়ায় খেলাধুলাভিত্তিক অন্তর্ভুক্তিমূলক শিক্ষাদানকে সহায়তা করা

কেনিয়ার কাকুমা রিফিউজি ক্যাম্প এবং হোমা বে জেলায় আমরা শেখা ও প্রতিফলন সভার মাধ্যমে শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক পাঠদানের পদ্ধতি বাস্তবায়নে সহায়তা করেছি।

ত্রৈমাসিক প্রকল্প সভার মাধ্যমে আমরা শিক্ষকদের সরাসরি অন্তর্ভুক্তি বিশেষজ্ঞদের সঙ্গে যুক্ত করেছি। এই সভাগুলোতে শিক্ষকরা অন্তর্ভুক্তিমূলক কৌশল ব্যবহারের অভিজ্ঞতা ও সাফল্যের গল্প শেয়ার করেছেন এবং বিভিন্ন সমস্যার সমাধান খুঁজেছেন।

শেখার বিভিন্ন চাহিদা পূরণে খেলাধুলাভিত্তিক শিক্ষা উপকরণ ব্যবহারের বিষয়টি ছিল শিক্ষকদের উত্থাপিত একটি বিষয়। অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণ গ্রহণের পর শিক্ষকরা খেলাধুলাভিত্তিক পদ্ধতি ব্যবহার করে দেখেছেন এবং বুঝতে পেরেছেন যে ছোট শিশুরা খেলাধুলার মাধ্যমে শেখে এবং জাতীয় পাঠ্যসূচির বিষয়বস্তু শিখতেও খেলা ব্যবহার করা যেতে পারে।

তবে শিক্ষকদের শ্রেণিকক্ষ ছোটো ছিল এবং শিক্ষার্থীসংখ্যা ছিল বেশি, যার ফলে শ্রেণির ফাঁকে অন্তর্ভুক্তিমূলক ও খেলাভিত্তিক দলগত কার্যক্রম প্রস্তুত করার সময়ও ছিল সীমিত। খেলাধুলাভিত্তিক শেখার জন্য পর্যাপ্ত অন্বেষণ ও পরীক্ষা-নিরীক্ষার সময় প্রয়োজন হয়, যা অনেক শিক্ষকের সময়সূচিতে জায়গা করে নিতে পারেনি। স্কুলগুলোর কাছে উপকরণ নিরাপদে সংরক্ষণের পর্যাপ্ত জায়গা ছিল না এবং শিক্ষকরা দেখতে পান, স্কুল ছুটির পর কিছু উপকরণ সরানো ও ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই সভাগুলোতে সময় ও সম্পদের সীমাবদ্ধতার মধ্যেও অন্তর্ভুক্তিমূলক পদ্ধতি ব্যবহারের সৃজনশীল ধারণা উঠে এসেছে, যেমন — খোলা জায়গায় (ক্লাসরুমের বাইরে) খেলাভিত্তিক পাঠদানের কার্যক্রম পরিচালনা।

৪. শিক্ষকদের চারপাশে অন্তর্ভুক্তি অংশীদারদের নেটওয়ার্ক শক্তিশালী করুন

আমরা শিক্ষকদের ঘিরে থাকা শিক্ষা কর্তৃপক্ষ ও নিয়ন্ত্রক সংস্থার নেটওয়ার্ক পর্যালোচনা করেছি এবং প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিকে কেন্দ্র করে তাদের একত্রিত করতে কাজ করেছি। স্কুল পরিদর্শনের সময় যখন তারা শিক্ষকদের সঙ্গে যোগাযোগ করেন, তখন যেন তারা অন্তর্ভুক্তিকে সমর্থন করতে পারেন—এই সক্ষমতা তৈরির লক্ষ্যে আমরা প্রশিক্ষণ এবং যৌথ পরিকল্পনার মাধ্যমে এসব অংশীদারদের সম্পৃক্ত করেছি। এর ফলে শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলকভাবে পাঠদানের সক্ষমতা আরও জোরদার হয়েছে, যা তাদের শ্রেণিকক্ষের সব শিক্ষার্থীর জন্য সহায়তামূলক হয়েছে।

এই পদ্ধতিতে কী ভালো কাজ করেছে?

ওপিডি (প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন)
প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের প্রতিনিধিত্বকারী সংগঠন (ওপিডি) ইনক্লুসিভ ফিউচারস প্রোগ্রামের

পুরো সময়জুড়ে তাৎপর্যপূর্ণভাবে যুক্ত ছিলেন।[15] এই অংশীদারিত্বের মানে ছিল শিক্ষকদের যেকোনো সহায়তা শুধু শিক্ষা বিশেষজ্ঞদের নয়, অন্তর্ভুক্তি বিশেষজ্ঞদের দিকনির্দেশনাতেও পরিচালিত হয়েছে, ফলে কনটেন্ট ছিল যথাযথ ও প্রাসঙ্গিক, এবং অন্তর্ভুক্তির অন্যতম মূলনীতি "অর্থবহ অংশগ্রহণ" ও "আমাদের নিয়ে কিছুই আমাদের ছাড়া নয়" এই মূল্যবোধ বজায় রাখা সম্ভব হয়েছে। স্কুল ও শিক্ষকরা ওপিডির সম্পৃক্ততাকে ইতিবাচকভাবে গ্রহণ করেছেন, এবং ওপিডি সদস্যদের সুস্পষ্ট নেতৃত্ব, অভিজ্ঞতা এবং শিক্ষাগত জীবনের ব্যক্তিগত অভিজ্ঞতা খোলামেলা বলার মানসিকতা তৈরি করেছে এবং গৎবাঁধা সবকিছুকে চ্যালেঞ্জ করেছে এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষার সম্ভাবনা তুলে ধরেছে।

ওপিডি এবং অন্যান্য কারিগরি বিশেষজ্ঞদের সঙ্গে অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রকল্পে কাজ করার সময় আমাদের প্রতিটি অংশীদারের ভূমিকা ও দায়িত্ব পরিষ্কারভাবে নির্ধারণ করতে হয়েছে। উদাহরণস্বরূপ, ওপিডি সদস্যরা তাদের প্রত্যক্ষ অভিজ্ঞতার ভিত্তিতে অন্তর্ভুক্তি বিশেষজ্ঞ হলেও তারা হয়তো শিক্ষা বিষয়ে বিশেষজ্ঞ নাও হতে পারেন।[16] তাই সফলতার জন্য তাদের স্পষ্ট ভূমিকা নির্ধারণ, যোগাযোগ এবং দৃঢ় অংশীদারিত্ব অপরিহার্য ছিল।

শিক্ষা কর্তৃপক্ষের সঙ্গে সামঞ্জস্যতা আনা

শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক শিক্ষা প্রদান করতে সহায়তা করার কাজটি বিদ্যমান শিক্ষা সহায়তা ব্যবস্থার ওপর ভিত্তি করে গড়ে তোলা যেতে পারে এবং তা করা উচিতও। এই সামঞ্জস্যের উদ্দেশ্য হলো অন্তর্ভুক্তিকে দীর্ঘমেয়াদে টিকিয়ে রাখা এবং শিক্ষক-সক্ষমতা বাড়ানো, যাতে প্রতিটি শিশু উপকৃত হয়।

স্কুল ও শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে একত্রে কাজ করে আমরা এমন প্রশিক্ষণ পদ্ধতি খুঁজেছি যা পেশাগত দক্ষতা উন্নয়নের বিদ্যমান ব্যবস্থার সঙ্গে সমন্বিত হতে পারে। যেমন—অন্তর্ভুক্তিমূলক শিক্ষা বিষয়ক ইন-সার্ভিস প্রশিক্ষণকে স্বীকৃত ধারাবাহিক পেশাগত উন্নয়নের অংশ হিসেবে গ্রহণ করা, অথবা অন্তর্ভুক্তিমূলক মানদণ্ডকে জাতীয় শিক্ষক প্রশিক্ষণ পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করা।

আমরা একটি সফল পদ্ধতি পেয়েছি তা হলো শিক্ষা কর্তৃপক্ষ বা পরিদর্শকদের নিয়মিত তদারকির মাধ্যমে অন্তর্ভুক্তিকে সমর্থন করা। শিক্ষা পরিদর্শকরা শিক্ষকদের সঙ্গে একত্রে আমাদের ইন-সার্ভিস প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। ফলে যখন পরিদর্শকরা স্কুলে নিয়মিত

---

[15] For more about how we engage OPDs see, Inclusive Futures. **A guide to building successful partnerships between INGOs and disability organisations. (2023).**

[16] In Nepal we conducted research on OPD members' views on inclusive education, as a baseline assessment for training we provided to OPDs during the project. **Perspectives on Inclusive Education of Organisations of Persons with Disabilities, Nepal**. (May 2024).

তদারকি করতে যান, তারা অন্তর্ভুক্তির মান সম্পর্কে প্রতিক্রিয়া দিতে পারেন, যা শিক্ষকদের প্রশিক্ষণে শেখা বিষয়গুলোকে আরও শক্তিশালী করে। তানজানিয়ায় আমরা স্থানীয় সরকার শিক্ষা বিভাগকে সঙ্গে নিয়ে অন্তর্ভুক্তিমূলক শিক্ষার মূল উপাদানের ওপর ভিত্তি করে একটি শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ সরঞ্জাম তৈরি করেছি, যা নিয়মিত স্কুল পরিদর্শন ও তদারকির সময় ব্যবহার করা হয়েছে। এতে তদারকি ও প্রতিক্রিয়া শিক্ষকের কাজকে নিয়ন্ত্রণ করার বদলে তার প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তির সক্ষমতা তৈরিতে সহায়ক হয়েছে।

মূল শিক্ষা: প্রতিবন্ধিতাবান্ধব শিক্ষা বিদ্যমান শিক্ষা ব্যবস্থার মধ্যেই থাকা উচিত এবং তা আরও শক্তিশালী করা উচিত। শিক্ষা পরিদর্শকদের মনিটরিং চেকলিস্টে প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তিকে যুক্ত করার প্রশিক্ষণ দেওয়া এবং ওপিডিকে গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে যুক্ত করা এই দুটি উদ্যোগই শ্রেণিকক্ষে শিক্ষকদের ভালো চর্চাকে জোরদার করতে সাহায্য করেছে, এবং এটি একটি বৃহৎ ব্যবস্থার মধ্যে সংযুক্ত হয়ে অন্তর্ভুক্তিকে দীর্ঘমেয়াদে টিকিয়ে রাখার সম্ভাবনাও তৈরি করেছে।

> আমার কর্মজীবনের শুরুতে, প্রতিবন্ধী ব্যক্তিদের নিয়ে আমি কোনো সংস্থার সঙ্গে কাজ করিনি কিন্তু কাকুমার এই প্রকল্পের মাধ্যমে আমি মনে করি একজন শিক্ষাবিদ হিসেবে এটি আমার একটি চোখ খুলে দেবে। আমরা শিক্ষার ছোটোখাটো বিষয়, আমরা কীভাবে কাজ করি, কীভাবে অংশদারিত্ব করি, কীভাবে সহযোগিতা করি, কীভাবে সম্পদের সন্ধান করি তা দেখেছি।" জোসেফ মুনিয়েস, সাব-কাউন্টি শিক্ষা কর্মকর্তা, তুর্কানা কাউন্টি সরকার, কেনিয়া।

কেস স্টাডি: নাইজেরিয়ার কাদুনা রাজ্যে ওপিডি অংশীদারিত্ব

নাইজেরিয়ার কাদুনা রাজ্যে ওপিডি সদস্যরা অন্তর্ভুক্তিমূলক শিক্ষা সম্পর্কে শিক্ষকদের দিকনির্দেশনা দিয়েছেন এবং ইন-সার্ভিস প্রশিক্ষণে সহায়তা করার জন্য নিজেদের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে অন্তর্দৃষ্টি তুলে ধরেছেন। প্রকল্পের শুরুতেই ওপিডি সদস্যরা স্কুল পরিদর্শনে গিয়ে ইতিবাচক সম্পর্ক গড়ে তুলেছেন। এই পরিদর্শনে ওপিডি সদস্যরা শিক্ষকদের চাহিদা সম্পর্কে তথ্য সংগ্রহ করেছেন, অন্তর্ভুক্তিমূলক শিক্ষার উপকারিতা তুলে ধরেছেন এবং অন্তর্ভুক্তিমূলক শিক্ষাদান পদ্ধতির দক্ষতা তৈরিতে ইন-সার্ভিস প্রশিক্ষণ, ধারাবাহিক সহায়তা ও পরামর্শদানের গুরুত্ব ব্যাখ্যা করেছেন। তারা নিজেদের অভিজ্ঞতা থেকে দৃঢ় ও বাস্তব উদাহরণ ব্যবহার করেছেন। তারা প্রকল্প দল এবং শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে স্কুল পরিদর্শন ও সহায়তা সফরেও অংশ নিয়েছেন, যা শিক্ষকদের অন্তর্ভুক্তিমূলক চর্চায় অতিরিক্ত দিকনির্দেশনা ও প্রয়োজনীয় সহায়তা দিতে সহায়ক হয়েছে।

> "এই প্রকল্পে ওপিডি অংশীদাররা শুরু থেকেই থাকবে এমন বিষয়টি আমাকে খুবই আনন্দিত করেছিল। কেন? কারণ এর মানে ছিল আমরা আমাদের অনুভূতি প্রকাশ

করতে পারব, আমাদের ধারণা দিতে পারব। স্কুলজীবনে আমাদের যেসব অভিজ্ঞতা ছিল কী ঠিক আর কী ভুল সেই ব্যক্তিগত অভিজ্ঞতা ও ধারণাগুলো আমরা দলটির সঙ্গে শেয়ার করতে পারব, যা প্রকল্পের বাস্তবায়নকে আরও কার্যকর করে তুলবে।"
— ডেভিড ওকন, ওপিডি প্রতিনিধি, নাইজেরিয়া

৫. বিদ্যালয় পরিবেশে অন্তর্ভুক্তিকে আরও শক্তিশালী করুন

"প্রত্যেক শিক্ষার্থী, তাদের প্রতিবন্ধিতা থাকুক বা না থাকুক, ন্যায়সঙ্গত ও ক্ষমতায়িত শিক্ষা যাত্রার অধিকার রাখে এবং এমন একটি সহানুভূতিশীল ও গ্রহণযোগ্য পরিবেশ পাওয়ার যোগ্য যা তাদের স্বকীয়তাকে মূল্য দেয়।"— চার্লস আবিচ, কেনিয়ার হোমা বে কাউন্টি প্রতিবন্ধী ফোরামের শিক্ষা কমিটির চেয়ার

একজন শিক্ষক শ্রেণিকক্ষে যতই প্রশিক্ষিত, পরামর্শপ্রাপ্ত বা তদারকির আওতায় থাকুন না কেন, তার একার পক্ষে সবকিছু অর্জনের সীমাবদ্ধতা থাকে। শ্রেণিকক্ষে অর্থবহ অন্তর্ভুক্তি অর্জনের জন্য শিক্ষকদের একটি সহায়ক কর্মপরিবেশ, অন্তর্ভুক্তিমূলক নীতি এবং রেফারেল অংশীদারদের সঙ্গে দৃঢ় সংযোগ প্রয়োজন। আমরা এটি বাস্তবায়ন করেছি বিদ্যালয়ভিত্তিক অন্তর্ভুক্তি টিম, লার্নিং সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট, ভ্রাম্যমাণ শিক্ষক এবং রেফারেল সেবার সঙ্গে কাজ করার মাধ্যমে।

এই পদ্ধতিতে কী ভালো কাজ করেছে?

বিদ্যালয়ভিত্তিক অন্তর্ভুক্তি দল

যেখানে এ ধরনের দল আগে ছিল না, সেখানে আমরা বিদ্যালয়ভিত্তিক অন্তর্ভুক্তি দল (এসবিআইটি) গঠন করেছি।[17] এই দলগুলো গঠিত হয় স্কুলপ্রধান, শিক্ষক প্রতিনিধি, ওপিডি এবং অভিভাবকদের নিয়ে, এবং এদের কাজ হলো তাদের স্কুলে অন্তর্ভুক্তিমূলক পদক্ষেপ বাস্তবায়নে দিকনির্দেশনা প্রদান করা। আমরা ওপিডি ও স্কুলের সঙ্গে একত্রে কাজ করে এই দলগুলোর অন্তর্ভুক্তিমূলক শিক্ষা বিষয়ে প্রশিক্ষণ দিয়েছি, যাতে তারা শিক্ষকদের জন্য সহায়তা ও পরামর্শের একটি উৎস হয়ে উঠতে পারে। এই কাঠামোর সঙ্গে কাজ করতে স্কুল ও স্থানীয় কর্তৃপক্ষের নেতৃত্বের সমর্থন পাওয়া ছিল সবচেয়ে কার্যকর দিক। যেসব স্কুলে আগে থেকে অন্তর্ভুক্তি বিশেষজ্ঞ ছিলেন, সেসব স্কুলেও দেখা গেছে যে এসবিআইটি শিক্ষকদের বিভিন্ন অন্তর্ভুক্তি-সংক্রান্ত প্রশ্ন একত্রিত করতে সহায়তা করেছে।

[17] Inclusive Futures. **Guidelines for establishment of school-based inclusion teams.** (2021).

লার্নিং সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট (এলএসএ) ও ভ্রাম্যমাণ শিক্ষক

শিক্ষকদের অন্তর্ভুক্তি বিষয়ে দক্ষতা ও জ্ঞান জোরদার করতে আমরা শ্রেণিকক্ষে শিক্ষায় সহায়তাকারী কর্মীদের সঙ্গে কাজ করেছি।

যেখানে বাজেট ছিল, আমরা লার্নিং সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করেছি, যারা শিশুদের জন্য অতিরিক্ত বা ব্যক্তিকেন্দ্রিক নির্দেশনা দিয়েছেন এবং পরোক্ষভাবে শিক্ষকের শ্রেণিকক্ষে সমন্বিত শেখার পরিবেশ বজায় রাখতে সহায়তা করেছেন।[18] এলএসএ-রা মূলত প্রতিবন্ধী শিশু ও তাদের অভিভাবকদের সঙ্গে সরাসরি কাজ করেছেন, তবে তারা শিক্ষকদের শেখার উপকরণ প্রস্তুত এবং রেকর্ড পূরণে সহায়তা করেছেন।
তবে এলএসএ-এর জন্য সময় ও দক্ষতার মূল্য দিতে হয়, এবং আমাদের পরীক্ষামূলক উদ্যোগগুলোতে পূর্ণকালীন এলএসএ থাকায় এটি কার্যকর হয়েছে, কিন্তু সীমিত বাজেটের স্কুল ও কর্তৃপক্ষের জন্য এই পদ্ধতিটি বাস্তবায়ন কঠিন।

যেসব জায়গায় আগে থেকেই ব্যবস্থা ছিল, সেখানে আমরা অতিরিক্ত সহায়তার জন্য ভ্রাম্যমাণ শিক্ষক নিয়োজিত করেছি । নিবিড় প্রশিক্ষণের পর ভ্রাম্যমাণ শিক্ষকরা অন্য শিক্ষকদের শেখার উপকরণ ও পাঠক্রম কিভাবে উপযোগী করবেন এবং ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা (আইইপি) কিভাবে তৈরি করবেন তা শেখান।[19] তবে যেখানে আমরা এই পদ্ধতি ব্যবহার করেছি, যেমন নেপালে, সেখানে ভ্রাম্যমাণ শিক্ষকের একটি দল গড়ে তুলতে সময় লেগেছে এবং ভ্রাম্যমাণ বৈশিষ্ট্যের কারণে তারা কোনো নির্দিষ্ট স্কুলে দীর্ঘমেয়াদি সহায়তা দিতে পারেননি।

অন্তর্ভুক্তিমূলক রেফারেল সেবার সঙ্গে সংযোগ স্থাপন

সবশেষে, একটি অন্তর্ভুক্তিমূলক বিদ্যালয় পরিবেশ তৈরি করা—যেখানে শিক্ষকরা প্রত্যেক শিশুকে সহায়তা করতে পারেন, এর জন্য অন্তর্ভুক্তিমূলক রেফারেল সেবা জরুরি। সুরক্ষার দিকটি নিশ্চিত করতে, আমরা প্রতিবেদন ও প্রতিক্রিয়া সেবাগুলোর সক্ষমতা যাচাই করেছি এবং অংশীদারদের সঙ্গে একত্রে একটি পরিষ্কার সুরক্ষা প্রতিবেদন প্রক্রিয়া তৈরি করেছি। আমরা যতটা সম্ভব স্থানীয় পর্যায়ে বিশেষায়িত সহায়তা সেবা যেমন বক্তৃতা ও ভাষা থেরাপি এবং স্বাস্থ্যসেবাদাতা প্রতিষ্ঠানে রেফারেল সংযোগ স্থাপন করেছি। আমরা নিশ্চিত করেছি যে শিক্ষকরা সুরক্ষা এবং বিশেষায়িত সহায়তা সেবাগুলোর বিষয়ে সচেতন হন।

[18] For more information see Inclusive Futures. **Preparing schools to welcome children with disabilities**. (October 2024).
[19] For example see, Humanity and Inclusion. **An itinerant teacher for Milan!.** Accessed 27 November 2024.

এই ম্যাপিং কার্যক্রমে দেখা গেছে, অনেক সেবা সংস্থা ছিল সীমিত ক্ষমতা ও দক্ষতার অধিকারী এবং তাদের প্রয়োজনীয় সরঞ্জাম বা দক্ষতা ছিল না। অন্যান্য সেবাগুলোতে দূরত্ব ও খরচ প্রতিবন্ধী শিশুর পরিবারের জন্য বাধা হয়ে দাঁড়িয়েছে। তবুও, অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিকোণ থেকে সেবাগুলোর ম্যাপিং ও সংযোগ শিক্ষকদের জন্য বহুমাত্রিক সহায়তার পথ খুলে দিয়েছে। এর ফলে শিক্ষকদের আর একা কাজ করতে হয়নি, তারা প্রতিবন্ধী শিশুর অন্তর্ভুক্তিকে কেন্দ্র করে সহযোগিতামূলক পরিবেশ পেয়েছেন।

মূল শিক্ষা: লার্নিং সাপোর্ট অ্যাসিস্ট্যান্ট, ভ্রাম্যমাণ শিক্ষক এবং বিদ্যালয়ভিত্তিক অন্তর্ভুক্তি টিমে বিনিয়োগ করে শিক্ষকদের সহায়তা করুন। প্রতিবন্ধী শিশুসহ সকল শিশুর জন্য সহায়তা ও সুরক্ষা নিশ্চিত করতে সামাজিক সুরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করা অন্তর্ভুক্তিমূলক শিক্ষার অপরিহার্য অংশ।

উপসংহার

সঠিক সহায়তা পেলে, প্রত্যেক শিশুই শেখার সুযোগ পায়। প্রতিবন্ধী শিশুদের এমন শিক্ষকের প্রয়োজন, যারা তাদের শেখার প্রক্রিয়ায় কার্যকরভাবে অন্তর্ভুক্ত করতে সক্ষম, যাতে তারা বিদ্যালয়ে যাওয়ার সুযোগ ও শিক্ষার অধিকার পুরোপুরি অর্জন করতে পারে। ইনক্লুসিভ ফিউচারস প্রোগ্রাম দেখিয়েছে যে অন্তর্ভুক্তি বিষয়ে শিক্ষকদের দক্ষতা, জ্ঞান ও মানসিকতা গড়ে তুলতে শুধুমাত্র স্বল্পমেয়াদি ইন-সার্ভিস প্রশিক্ষণ যথেষ্ট নয়। ইনক্লুশন মেন্টর, সহকর্মী ও বিশেষজ্ঞদের থেকে ক্রিয়াশীল সহায়তা, ওপিডি ও শিক্ষা বিষয়ক কর্তৃপক্ষের সঙ্গে দৃঢ় অংশীদারিত্ব, এবং অন্তর্ভুক্তিমূলক সুরক্ষা ও রেফারেল ব্যবস্থা, একত্রে অপরিহার্য উপাদান।

আমরা দেখেছি, সঠিক সহায়তা কীভাবে পরিবর্তন আনতে পারে। যখন শিক্ষকদের নিয়মিত পেশাগত উন্নয়ন ও সহায়তা দেওয়া হয়, তখন প্রতিটি শিশুর শিক্ষার অভিজ্ঞতাই বদলে যায়। ফলে সৃষ্টি হয় এমন একটি শিক্ষার পরিবেশ, যেখানে সবাই শেখার, বিকাশের এবং একটি সমাজের অংশ হওয়ার সমান সুযোগ পায়।